ভোরের কাগজ

তারিখ 22 DE 199[illegible]
পৃষ্ঠা ১২ কলাম ৩

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের আশপাশে উত্তেজনা

## সাদ্দাম হলের প্রভোস্টের পদত্যাগ

**ঝিনাইদহ প্রতিনিধি :** ভয়াবহ বন্দুকযুদ্ধের পর ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) বন্ধ হয়ে গেলেও আশপাশের এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। সাদ্দাম হোসেন হলের প্রভোস্ট মোঃ সাইফুল ইসলাম পদত্যাগ করেছেন।

গত রোববার ইবি ক্যাম্পাসে ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মধ্যে প্রায় আড়াই ঘন্টা বন্দুকযুদ্ধ হয়। এই ভয়াবহ বন্দুকযুদ্ধের পর ইবি কর্তৃপক্ষ গতকাল সোমবার থেকে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করে। বন্ধ হয়ে গেলেও ইবির পার্শ্ববর্তী এলাকা শান্তিডাঙ্গা, দুলালপুর, শেখপাড়া, শৈলকূপা, আনন্দনগর, যুগিপাড়ায় উত্তেজনা বিরাজ করছে। উভয় ছাত্র সংগঠনের সশস্ত্র ক্যাডার ও কর্মীরা প্রতিপক্ষকে মোকাবিলা করার সর্বাত্মক প্রস্তুতি নিয়েছে। একটি ছাত্র সংগঠন একটি নিষিদ্ধ ঘোষিত চরমপন্থী দলের ক্যাডারদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করছে বলে জানা গেছে। এলাকাবাসী যেকোনো সময় ফের রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা করছে।

এদিকে গতকাল সাদ্দাম হোসেন হলের প্রভোস্ট মোঃ সাইফুল ইসলাম পদত্যাগ করেছেন। ছাত্রলীগের চাপের মুখে শিবিরের ঘাটি হিসেবে পরিচিত সাদ্দাম হোসেন হলের প্রভোস্ট পদত্যাগ করেছেন মর্মে অভিযোগ উত্থাপিত হলেও সাইফুল ইসলাম একান্ত ব্যক্তিগত কারণে পদত্যাগ করেছেন বলে জানিয়েছেন।

ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক বিবৃতিতে ক্যাম্পাসে সংঘটিত সহিংস ঘটনার তীব্র নিন্দা করে ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে।